10063

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা
www.police.gov.bd

**আমার পুলিশ আমার দেশ**
**সবার আগে বাংলাদেশ**

স্মারক নং- ৪৪.০১.০০০০.১০৮.১৯.২৩৫.২০২৬- ২৭৮৬

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত পুলিশ সদস্যদের পিআরএল গমণের স্বার্থে আবেদনক্রমে তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে বদলি করা হলো:

| ক্রঃ নং | পদবী, নাম, কর্মস্থল ও বিপি নম্বর | ইউনিট/রেঞ্জের নাম |
|---|---|---|
| ১. | এসআই (নিরস্ত্র)/মোঃ হাসমত আলী, খুলনা জেলা<br>বিপি-৬৭৮৯০৩০৯৪৫ | ডিএমপি, ঢাকা<br>(স্বাভাবিক পিআরএল গমণের তারিখ- ১৫/১২/২০২৬ খ্রিষ্টাব্দ) |
| ২. | টিএসআই/মোঃ আলাউদ্দিন, ডিএমপি, ঢাকা<br>বিপি-৭১৮৯০৩০৬৭৭ | ঢাকা রেঞ্জ<br>(স্বেচ্ছায় পিআরএল গমণের তারিখ- ০৯/০৮/২০২৭খ্রিষ্টাব্দ) |
| ৩. | টিএসআই/মোঃ আব্দুর রাজ্জাক, কুষ্টিয়া জেলা<br>বিপি-৬৮৮৭০১১৯৫৮ | ডিএমপি, ঢাকা<br>(স্বাভাবিক পিআরএল গমণের তারিখ- ০৬/০৬/২০২৭ খ্রিষ্টাব্দ) |
| ৪. | এসআই (নিরস্ত্র)/মোঃ আজিজুল ইসলাম, সিরাজগঞ্জ জেলা<br>বিপি-৮০০১০১৮৬৭২ | পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর<br>(স্বেচ্ছায় পিআরএল গমণের তারিখ- ০৫/০৮/২০২৭ খ্রিষ্টাব্দ) |
| ৫. | এসআই (নিরস্ত্র)/মোঃ সিরাজ উদ্দীন শেখ, নাটোর জেলা<br>বিপি-৬৮৮৭০৫৮২৫৬ | আরএমপি, রাজশাহী<br>(স্বাভাবিক পিআরএল গমণের তারিখ- ৩১/০৫/২০২৭ খ্রিষ্টাব্দ) |

নিম্নবর্ণিত পুলিশ সদস্যদের পিআরএল গমণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।
এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর/-
মোঃ কামরুল আহসান
বিপি-৭০৯৮১১৭৫৫৯
ডিআইজি (কনফিডেন্সিয়াল)
ও
অতিরিক্ত দায়িত্বে
ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নং- ৪৪.০১.০০০০.১০৮.১৯.২৩৫.২০২৬- ২৭৮৬/১ (১৪)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা
২. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
৩. ডিআইজি, ঢাকা/রাজশাহী/খুলনা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
৪. কমান্ড্যান্ট (ডিআইজি),পিটিসি, রংপুর
৫. এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ. পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬. পুলিশ সুপার, কুষ্টিয়া/খুলনা/নাটোর/সিরাজগঞ্জ জেলা
৭. অফিস কপি

১৩.০৭.২০২৬

(মোঃ জামিরুল ইসলাম)
বিপি৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
aigpm3@police.gov.bd

বরাবর

এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ খুলনা রেঞ্জের খুলনা জেলা হতে ডিএমপি ঢাকায় বদলী হয়ে আগামী ইং-১৬/১২/২০২৬ তারিখে অবসর গ্রহণের আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি এসআই (নিঃ) মোঃ হাসমত আলী, বিপি-৬৭৮৯০৩০৯৪৫, বর্তমানে খুলনা রেঞ্জ, খুলনা জেলায় কয়রা থানাধীন, মঠবাড়ী পুলিশ ফাঁড়িতে কর্মরত আছি। আমি এই মর্মে আবেদন করিতেছি যে, আমি গত ইং ১৬/০৫/১৯৮৯ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করিয়া পেশাদারিত্বের সাথে ন্যায় নিষ্ঠার সহিত চাকুরী করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ ১৬/১২/১৯৬৭ খ্রি.। আগামী ইং ১৫/১২/২০২৬ তারিখে আমার চাকুরীর মেয়াদ শেষ হইবে। আমার পরিবার ও পরিবারের সদস্যদের নিয়ে বর্তমানে ডিএমপি বাড্ডা এলাকায় বসবাস করিতেছি এবং আমার ছেলে মেয়ে ডিএমপি বাড্ডা এলাকায় বিভিন্ন স্কুল ও কলেজে অধ্যায়নরত রহিয়াছে, যে কারণে আমি ডিএমপি ঢাকা উল্লেখিত তারিখ হতে পি.আর.এল ভোগ সহ খুলনা রেঞ্জ হতে ডিএমপি ঢাকায় বদলী হতে ইচ্ছুক।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে, আমাকে আগামী ১৬/১২/২০২৬ইং তারিখে পি.আর.এল জনিত কারণে খুলনা রেঞ্জ হইতে ডিএমপি ঢাকা বদলী করতে মহোদয়ের একান্ত মর্জি কামনা করছি।

বিনীত

(মোঃ হাসমত আলী)
বিপি- ৬৭৮৯০৩০৯৪৫
এসআই (নিরস্ত্র)
মঠবাড়ী পুলিশ ফাঁড়ি
কয়রা থানা, খুলনা।
মোবাঃ ০১৭৫৩-৩৩০৮৮১

বরাবর

এআইজি (পার্সোনাল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: আগামী ১০/০৮/২০২৬ খ্রিস্টাব্দ হতে ঢাকা রেঞ্জ নিজ জেলা কিশোরগঞ্জে এক বছর চাকরি করে ০৯/০৮/২০২৭ খ্রিঃ হতে স্বেচ্ছায় পিআরএল (PRL) গমনের আবেদন প্রেরণ প্রসঙ্গে।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি টিএসআই/১৯৫৪৮ মোঃ আলাউদ্দিন, বিপি-৭১৮৯০৩০৬৭৭), বর্তমানে ট্রাফিক মিরপুর বিভাগ, ডিএমপি, ঢাকার, দারুস সালাম জোনে কর্মরত আছি। আমি গত ১২/০৯/১৯৮৯ খ্রিঃ বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করে আমার উপর অর্পিত দায়িত্ব, সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করে আসছি। আমার চাকরির নির্ধারিত মেয়াদের পূর্বে ব্যক্তিগত ও পারিবারিক বিষয় বিবেচনায় আগামী ১০/০৮/২০২৬ খ্রিঃ হতে ঢাকা রেঞ্জ নিজ জেলা কিশোরগঞ্জে এক বছর চাকরি করার সুযোগ প্রদানের জন্য আবেদন জানাচ্ছি। অতঃপর ০৯/০৮/২০২৭ খ্রিঃ হতে সরকারী সকল সুযোগ সুবিধাসহ স্বেচ্ছায় পিআরএল (Post Retirement Leave) গমনের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন করছি।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন যাহাতে আমি আগামী ১০/০৮/২০২৬ খ্রিঃ হতে ঢাকা রেঞ্জ নিজ জেলা কিশোরগঞ্জে এক বছর কর্মরত থাকার সুযোগ প্রদান এবং ০৯/০৮/২০২৭ খ্রিঃ হতে সরকারী সকল সুযোগ সুবিধাসহ স্বেচ্ছায় পিআরএল (PRL) গমনের অনুমোদন প্রদানের জন্য আপনার সদয় মর্জি কামনা করছি।

তারিখ: ২৮/০৬/২৬ খ্রিঃ

বিনীত নিবেদক,
মো: আলাউদ্দিন
(মোঃ আলাউদ্দিন)
টিএসআই/১৯৫৪৮
বিপি-৭১৮৯০৩০৬৭৭
ট্রাফিক দারুস সালাম জোন
ট্রাফিক মিরপুর বিভাগ, ডিএমপি, ঢাকা
মোবাইল-০১৭২০-৪১৪৮৪৫

অগ্রগামী করা হলো।

২৮.০৬.২৬

সালাম জোন,
পুলিশ, ঢাকা।

| পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া | |
|---|---|
| পুলিশ সুপার | 82 |
| অতিঃ পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) | |
| অতিঃ পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) | |
| ডায়েরী-২৮২৪ | তাং ০৭.০৪.২৫ |
| ব্যবস্থা গ্রহন RO | |

স্মাঃ নং ২৫৭ ০৪/০৪/২৭

বরাবর,

এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ,
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয়ঃ আগামী ০৭/০৬/২০২৭ খ্রিঃ তারিখে বার্ধক্য জনিত পিআরএল গমনের নিমিত্তে খুলনা রেঞ্জের কুষ্টিয়া জেলা হতে ডিএমপি, বদলী হওয়ার আবেদন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি টিএসআই/১০, মোঃ আব্দুর রাজ্জাক, বিপি-৬৮৮৭০১১৯৫৮, আপনার অধিনস্থ একজন পুলিশ সদস্য। বর্তমানে আমি সদর ট্রাফিক, কুষ্টিয়া জেলায় কর্মরত আছি। আমি গত ২৩/০৫/১৯৮৭ খ্রিঃ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করে অদ্যাবধি আমার উপর অর্পিত দায়িত্ব-কর্তব্য, ন্যায় নিষ্ঠা ও সততার সহিত পালন করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ ০৭/০৬/১৯৬৮ খ্রিঃ। আমার তিন মাস অন্তর অন্তর মেডিকেল পরিক্ষা করতে রাজারবাগ পুলিশ হাসপাতালে যেতে হয়। এই দীর্ঘ ভ্রমন আমার জন্য খুবই কষ্টকর হয়ে যায়। এমতাবস্থায় আমি আগামী ০৭/০৬/২০২৭ খ্রিঃ তারিখে বার্ধক্য জনিত পিআরএল গমনের নিমিত্তে খুলনা রেঞ্জের কুষ্টিয়া জেলা হতে ডিএমপি, ঢাকা বদলী হতে একান্তভাবে ইচ্ছুক।

অগ্রগামী করা হইল
০৭/০৪/২৭
টি, আই (প্রশাসন)
ট্রাফিক বিভাগ
কুষ্টিয়া।

অতএব মহোদয়ের সমীপে আমার আকুল আবেদন এই যে, আমি যাতে আগামী ০৭/০৬/২০২৭ খ্রিঃ তারিখে খুলনা রেঞ্জের কুষ্টিয়া জেলা হতে ডিএমপি, ঢাকা বদলী হয়ে পিআরএল গমন করতে পারি তার আদেশ দানে আপনার সদয় মর্জি হয়।

তারিখ- ০২/০৪/২৭ খ্রিঃ।

বিনীত নিবেদক,

মোঃ আব্দুর রাজ্জাক

(মোঃ আব্দুর রাজ্জাক)
টিএসআই/১০
বিপি নং- ৬৮৮৭০১১৯৫৮
কুষ্টিয়া জেলা।
মোবাঃ ০১৭১৬-৮৫০৪৯০

স্থায়ী ঠিকানা:

পিতা: মৃত সামছুর রহমান
সাং- সোনাতলা
পোষ্ট- বিষ্ণুপুর
থানাঃ কালিগঞ্জ
জেলা: সাতক্ষীরা

বরাবর

এআইজি (পার্সোনাল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ,
পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয় ঃ আগামী ০৫/০৮/২০২৭ খ্রিঃ তারিখে সেচ্ছায় চাকুরী হইতে অবসর গ্রহণের নিমিত্তে সিরাজগঞ্জ জেলা হইতে পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুরে বদলীর আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি এসআই(নিরস্ত্র) মোঃ আজিজুল ইসলাম আপনার অধিনস্থ একজন পুলিশ সদস্য। আমি গত ইং-২১/০৭/২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলায় যোগদান করি। বর্তমানে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ থানায় কর্মরত আছি। আমি গত ১৯/০৭/২০০১ খ্রিঃ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করিয়া আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য ন্যায়-নিষ্ঠা ও সুনামের সহিত পালন করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ ০৫/০২/১৯৮০ খ্রিঃ। আগামী ০৫/০৮/২০২৭ খ্রিঃ তারিখে আমার বয়স ৪৭ বছর ৬ মাস ০০ দিন পূর্ণ হইবে। আমার পারিবারীক সমস্যার কারনে সিরাজগঞ্জ জেলা হইতে পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর বদলী হইয়া ইং ০৫/০৯/২০২৬ খ্রিঃ হইতে ০৪/০৮/২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছর চাকুরী করিয়া আগামী ০৫/০৮/২০২৭ খ্রিঃ তারিখে আমি স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে ইচ্ছুক।

অতএব, হুজুর সমীপে আমার আকুল আবেদন এই যে, যাহাতে আমি সিরাজগঞ্জ জেলা হইতে পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর বদলী হইয়া অবসর গ্রহণ করিতে পারি, তাহার সু-ব্যবস্থা দানে আপনার সদয় মর্জি হয়।

বিনীত

(স্বাক্ষর) ০৫/৪/২৬

মোঃ আজিজুল ইসলাম
বিপি নং- ৮০০১০১৮৬৭২
এসআই(নিরস্ত্র)
কামারখন্দ থানা, সিরাজগঞ্জ।

<u>স্থায়ী ঠিকানাঃ</u>
মোঃ আজিজুল ইসলাম
পিতাঃ মোঃ আমিরুল ইসলাম
মাতা- মোছাঃ আছিয়া খাতুন,
গ্রাম-মধ্যছাতনাই
থানা-ডিমলা
জেলা-নিলফামারী।

(স্বাক্ষর) ০৫/০৪/২৬

০৪

স্মারক নং ২০৮০
তারিখ ০২/০৫/২৫
গুরুদাসপুর থানা, নাটোর।

রিজার্ভ অফিস
তাং ০২/৫/২৫
পুলিশ লাইন, নাটোর

বরাবর

এআইজি
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যমঃ- যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ নাটোর জেলা হইতে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী বদলী হইয়া আগামী ০১/০৬/২০২৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে বার্ধক্য জনিত কারনে পিআরএল এর আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি এসআই (নিঃ) মোঃ সিরাজ উদ্দিন শেখ, বিপি-৬৮৮৭০৫৮২৫৬ আপনার অধিনস্থ একজন পুলিশ কর্মকর্তা। বর্তমানে আমি নাটোর জেলার গুরুদাসপুর থানায় কর্মরত আছি। আমি ইং ০১/১২/১৯৮৭ সালে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগ দান করিয়া সুনামের সহিত আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সহিত পালন করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ ০১/০৬/১৯৬৮ খ্রিঃ। আমি বার্ধক্য জনিত কারনে আগামী ০১/০৬/২০২৭ তারিখ পূর্বাহ্নে চাকুরি হইতে অবসর গ্রহন করিতে ইচ্ছুক। এমতাবস্থায় আমি নাটোর জেলা পুলিশ হইতে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী বদলী হইয়া চাকুরী হইতে বিধি মোতাবেক অবসর গ্রহন করিতে ইচ্ছুক।

অতএব, মহোদয়ের সমীপে আমার আকুল আবেদন উপরোক্ত বিষয়াদি সু-বিবেচনা করতঃ যাহাতে আমি নাটোর জেলা পুলিশ হইতে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী বদলী হইতে পারি,তাহার আদেশ দানে জনাবের সদয় মর্জি হয়।


<u>স্থায়ী ঠিকানা ঃ-</u>
নাম- মোঃ সিরাজ উদ্দিন শেখ
পিতা-শহীদ শেখ রমজান আলী
সাং-কেশবপুর
থানা-রাজপাড়া,রাজশাহী মহানগর।

বিনীত নিবেদক
০২/০৫/২৫
(মোঃ সিরাজ উদ্দিন শেখ)
বিপি-৬৮৮৭০৫৮২৫৬
এসআই (নিঃ)
গুরুদাসপুর থানা, নাটোর।
মোবাইল-০১৭১৭-২৭৬২৭৬